ভোরের কাগজ

তারিখ ... JAN 2 9 2000

পৃষ্ঠা 8 কলাম 6

25

## জাতীয় বিশ্ববিদ্যালয় ও পিএসসি সমীপে

সিলেট পিএসসি অফিসে যোগাযোগ করে জানতে পারলাম ২০তম বিসিএস লিখিত পরীক্ষায় কৃতকার্য প্রার্থীদের মৌখিক পরীক্ষা আগামী ১ মার্চ থেকে শুরু হবে। এটা খুবই আশার কথা যে, যারা লিখিত পরীক্ষায় কৃতকার্য হয়েছেন তারা আগামী মৌখিক পরীক্ষার জন্য চূড়ান্ত প্রস্তুতি নেবেন। কিন্তু আমরা যারা একই সাথে ২০তম বিসিএস লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হয়েছি এবং জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ১৯৯৬ সালের মাস্টার্স চূড়ান্ত পর্বের পরীক্ষায় (অনুষ্ঠিত হয় ১৯৯৯ সালে) অংশগ্রহণ করেছি, তাদের সকল বিষয়ের মাস্টার্স পরীক্ষা যথাসময়ে সম্পন্ন হতে পারেনি এবং আমাদের 'ব্যবস্থাপনা' বিষয়ের সকল লিখিত পরীক্ষা শেষ হলেও চূড়ান্ত মৌখিক পরীক্ষা অনুষ্ঠানের তারিখ নির্ধারণ করা হয়েছে ১২/৩/২০০০ ইং তারিখে। এই তারিখে যদি ২০তম বিসিএস-এর মৌখিক পরীক্ষা অনুষ্ঠিত হয় তাহলে আমরা কি একটা সমস্যায় পড়ে যাবো না? এ জন্য আমি মনে করি জাতীয় বিশ্ববিদ্যালয় ও পিএসসি-এর সকল পরীক্ষাসমূহের মধ্যে যথেষ্ট সমন্বয় সাধন করে তারিখ নির্ধারণ করলে আমরা সমস্যা থেকে মুক্তি পাবো।

দেলোয়ার হোসেন মাহদী,
গালিব ও শবনম
দরগা পুকুরের উত্তরপাড়
সিলেট